বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৬.১৯-২৪৪

তারিখঃ ১৭ বৈশাখ ১৪২৬
৩০ এপ্রিল ২০১৯

# পরিপত্র-১১

**বিষয়ঃ ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৯ উপলক্ষে নির্বাচিতদের বেসরকারি প্রাথমিক ফলাফল ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহ**

উপর্যুক্ত বিষয়ে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে বেসরকারি প্রাথমিক ফলাফল ও অন্যান্য তথ্যাবলি সংগ্রহের জন্য নির্বাচন কমিশনের নিম্নলিখিত নির্দেশনা জানানো হলো:

০২। **বেসরকারি ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র স্থাপন:** ভোটগ্রহণের দিন প্রার্থীদের বেসরকারি ফলাফল ও অন্যান্য তথ্যাবলী নির্বাচন কমিশন সচিবালয় হতে সংগ্রহ করা হবে। এই ফলাফল ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহ করার উদ্দেশ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে একটি **''কেন্দ্রীয় তথ্য/ফলাফল সংগ্রহ কেন্দ্র''** স্থাপন করা হবে এবং রিটার্নিং অফিসারের কার্যালয়েও একটি **''তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র''** থাকবে। রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থাপিত **''তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র''** হতে সর্বশেষ নির্বাচনি বেসরকারি প্রাথমিক ফলাফল ও অন্যান্য তথ্যাবলী না পাওয়া পর্যন্ত নির্বাচন কমিশন সচিবালয়ের **''কেন্দ্রীয় তথ্য/ ফলাফল সংগ্রহ কেন্দ্র''** বিরতিহীনভাবে খোলা থাকবে। রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার ভোটকেন্দ্র হতে প্রাপ্ত ফলাফল অনুসারে বিধি মোতাবেক স্থানীয়ভাবে ফলাফল তৈরি ও ঘোষণা করবেন। নির্বাচন কমিশন সচিবালয় কোন ফলাফল পরিবেশন করবে না। রিটার্নিং অফিসার ফলাফল স্থানীয়ভাবে প্রকাশের পর তা নির্বাচন কমিশন সচিবালয়ে নির্ধারিত ইন্টারনাল একাউন্ট বা ফ্যাক্স এবং RMS software এর মাধ্যমে প্রেরণ করতে হবে। স্থানীয়ভাবে প্রকাশের পর প্রত্যেক প্রার্থীর বিপরীতে প্রাপ্ত ভোট উল্লেখ করে (পরিশিষ্ট-'ক-গ' অনুসারে) নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন। সংরক্ষিত আসনের কাউন্সিলর বা সাধারণ আসনের কাউন্সিলর পদে কেন্দ্রভিত্তিক কোন ফলাফল বা ক্রমপুঞ্জীভুত ফলাফল সংগ্রহ করা হবে না। সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে শুধু চূড়ান্ত নির্বাচিত ও নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রাপ্ত ভোট সংগ্রহ করা হবে। নির্বাচনের ফলাফল প্রেরণের সময় অত্যন্ত সতর্ক দৃষ্টি রাখতে হবে যাতে কোন অবস্থাতেই ভুল তথ্য পরিবেশিত না হয়।

০৩। **রিটার্নিং অফিসারের ফলাফল একীভূতকরণ কক্ষে অননুমোদিত ব্যক্তিগণের প্রবেশ নিষিদ্ধ:** রিটার্নিং অফিসারের তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে ফলাফল একীভূতকরণের পূর্বেই রিটার্নিং অফিসারের কার্যালয়ের চতুর্পাশে এবং প্রবেশ পথে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং প্রয়োজনীয় পুলিশ, র‍্যাব, আর্মড ব্যাটালিয়ন দ্বারা ঘেরাও করে রাখার জন্য নির্দেশনা প্রদান করবেন। রিটার্নিং অফিসারের তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে অনুমোদিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কাউকেও প্রবেশ করতে দেয়া যাবে না।

০৪। **রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক ভোট গণনার বিবরণী অর্থাৎ ফলাফল টাংগিয়ে প্রদর্শন:** প্রিজাইডিং অফিসারের নিকট হতে ভোট গণনার বিবরণী অর্থাৎ ফলাফল প্রাপ্তির পর রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার উপস্থিত প্রার্থী অথবা এজেন্টদের সম্মুখে সেই ভোটকেন্দ্রের ফলাফল পড়ে শোনাবেন এবং সম্ভব হলে এক প্রস্থ (মাস্টার কপি ছাড়া) ভোট গণনার বিবরণী তাঁর কার্যালয়ের প্রদশনী বোর্ডে অথবা দেয়ালে টাঙ্গিয়ে জারি করবেন।

০৫। **নির্বাচন কমিশন সচিবালয়ে বেসরকারি প্রাথমিক ফলাফল সংগ্রহ:** রিটার্নিং অফিসার ভোটকেন্দ্রের প্রিজাইডিং অফিসারের নিকট হতে প্রাপ্ত বেসরকারি প্রাথমিক নির্বাচনি ফলাফল একীভূত করে রিটার্নিং অফিসারের স্বাক্ষরে নির্বাচন কমিশন সচিবালয়ে টেলিফোন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাকে ই-মেইল বা ফ্যাক্সের মাধ্যমে জানাবেন।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd
C:\Users\User\Desktop\MCC-25.03.2019\Poripotra\PORIPATRA-11.doc

এখানে বিশেষভাবে প্রণিধানযোগ্য যে, **পরিশিষ্ট-'ক'** ছকের মাধ্যমে সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং **পরিশিষ্ট-'খ'** ছকের মাধ্যমে সাধারণ আসনের কাউন্সিলর পদে বেসরকারিভাবে নির্বাচিত ও নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের ফলাফল নির্বাচন কমিশন সচিবালয়ে ই-মেইল বা ফ্যাক্সযোগে বা ইণ্টারনাল একাউণ্টে (sas_emc1) এর মাধ্যমে প্রেরণ করতে হবে। সংরক্ষিত ও সাধারণ আসনের কাউন্সিলর প্রার্থীদের মধ্যে কেবলমাত্র বেসরকারিভাবে নির্বাচিত এবং নিকটতম প্রতিদ্বন্দ্বীর ফলাফল প্রেরণ করতে হবে যা নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক প্রদর্শন করা হবে। নির্বাচন কমিশন সচিবালয়ের যে টেলিফোন নম্বরে উল্লিখিত ফলাফল সংগ্রহ করা হবে তা **সংলগ্নী-১** এ সংযুক্ত করা হল। ফ্যাক্স নম্বর তথ্য সংগ্রহকারী কর্মকর্তার নিকট হতে জেনে সেই নম্বরে প্রেরণ করতে হবে।

০৬। **Result Management System(RMS) এর মাধ্যমে ফলাফল প্রেরণ:** উপর্যুক্ত ব্যবস্থার পাশাপাশি Result Management System (RMS) এর মাধ্যমে ফলাফল প্রেরণ করতে হবে। এ বিষয়ে আইসিটি অনুবিভাগের সাথে যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৭। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হল।

৩০/৪/১৯

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com

প্রাপক : আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
ও
রিটার্নিং অফিসার, ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৯

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৬.১৯-২৪৪

তারিখঃ ১৭ বৈশাখ ১৪২৬ / ৩০ এপ্রিল ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, ............................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, ......................................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/ কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]

১৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ
১৬. পুলিশ সুপার, ময়মনসিংহ
১৭. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৯. উপজেলা নির্বাহী অফিসার, .......................(সংশ্লিষ্ট)
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার- এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................................, এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ..........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. উপজেলা নির্বাচন কর্মকর্তা/থানা নির্বাচন কর্মকর্তা,..........................(সংশ্লিষ্ট)
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা..........................(সংশ্লিষ্ট) থানা।

৩০/০৪/১৯

**( মোহাম্মদ মোরশেদ আলম )**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৬১০

পরিশিষ্ট-'ক'

ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৯

# সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদে বেসরকারি প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

বার্তা নং- চূড়ান্ত

সিটি কর্পোরেশনের নামঃ **ময়মনসিংহ সিটি কর্পোরেশন**

ভোটগ্রহণের তারিখঃ **০৫ মে ২০১৯**

মোট ভোটারের সংখ্যাঃ

মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | ওয়ার্ড নম্বর | ১ম ও নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসাবে সংরক্ষিত আসনের কাউন্সিলর প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|
| ১ | ২ |

নাম:

পদবি:

নাম:

পদবি:

সময়:

পরিশিষ্ট-'খ'

ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৯

# সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে বেসরকারি প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

বার্তা নং- চূড়ান্ত

| | | |
|---|---|---|
| সিটি কর্পোরেশনের নামঃ | **ময়মনসিংহ সিটি কর্পোরেশন** | মোট ভোটারের সংখ্যাঃ |
| ভোটগ্রহণের তারিখঃ | **০৫ মে ২০১৯** | মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ |
| | | ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ |

| ক্রমিক | ওয়ার্ড নম্বর | ১ম ও নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসাবে সাধারণ আসনের কাউন্সিলর প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|
| ১ | ২ |

| | |
|---|---|
| নাম: | নাম: |
| পদবি: | পদবি: |
| | সময়: |

C:\Users\User\Desktop\MCC-25.03.2019\Poripotra\PORIPATRA-11.doc

সংলগ্নী-১

## ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৯ উপলক্ষে বেসরকারি প্রাথমিক ফলাফল সম্পর্কিত তথ্যাবলী সংগ্রহকারীদের নাম, পদবি ও টেলিফোন/ফ্যাক্স/ Internal account সম্বলিত তথ্য

| ক্রম নং | যে পদের তথ্য সংগৃহিত হবে | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা /কর্মচারীর নাম ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | | ব্যবহৃত টেলিফোন নম্বর | ব্যবহৃত ফ্যাক্স/ internal account |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ |
| ০১ | সংরক্ষিত ও সাধারণ আসনের কাউন্সিলর ( সংরক্ষিত ১১টি ওয়ার্ড ও সাধারণ ৩৩টি ওয়ার্ড) | ০১ | মোঃ মিজানুর রহমান<br>উপসচিব (চলতি দায়িত্ব) | ০২-৫৫০০৭৬১০ | sas_emc1<br>০২-৫৫০০৭৫৫৮ |
| | | ০২ | মোহাম্মদ মোরশেদ আলম<br>সিনিয়র সহকারী সচিব | | |
| | | ০৩ | মোহাম্মদ আশফাকুর রহমান<br>সহকারী সচিব | | |
| | | ০৪ | মোহাম্মদ আবদুল বারিক<br>প্রশাসনিক কর্মকর্তা | | |
| | | ০৫ | অরবিন্দ দাশ<br>প্রশাসনিক কর্মকর্তা | | |
| | | ০৬ | মোঃ কাইয়ুম মিয়া<br>সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | | |
| | | ০৭ | মোঃ আশরাফুজ্জামান<br>অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | | |
| | | ০৮ | মোঃ হাবীবুল্লাহ<br>অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | | |
| | | ০৯ | আল-আমিন<br>অফিস সহায়ক | | |
| | | ১০ | ইমাম হোসেন<br>অফিস সহায়ক | | |